**রেজিস্টার্ড নং ডি এ-১** **“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জুন ২২, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/২১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও নং ১৯২-আইন/২০২২।**—বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৯ নং আইন) এর ধারা ২২, ধারা ৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল তহবিল পরিচালনা বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **“আইন”** অর্থ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৯ নং আইন);

(খ) **“কর্মচারী”** অর্থ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯ এর প্রবিধান ২ এর উপ-প্রবিধান (৪) এ উল্লিখিত কোনো কর্মচারী;

(গ) **“কাউন্সিল”** অর্থ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল;

(ঘ) **“জাতীয় ডাটা সেন্টার”** অর্থ কোনো সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-বিষয়ক সেবা সুবিধাদি প্রদানের উদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক স্থাপিত জাতীয় ডাটা সেন্টার;



**মূল্য :** টাকা ৮.০০

(ঙ) **"তহবিল"** অর্থ আইনের ধারা ৯ এর বিধান অনুযায়ী বিধি ৫ এর অধীন গঠিত কাউন্সিলের তহবিল;

(চ) **"সার্ভিস চার্জ"** অর্থ বিধি ৩ এর অধীন প্রদেয় যে কোনো সেবা গ্রহণকারীর নিকট হইতে সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত অর্থ;

(ছ) **"সেবা"** অর্থ বিধি ৩ এর অধীন প্রদত্ত সেবা।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সে অর্থে প্রযোজ্য হইবে।

৩। **কাউন্সিল কর্তৃক প্রদেয় সেবা বাবদ সার্ভিস চার্জ নির্ধারণ, ইত্যাদি।**―(১) আইনের ধারা ৬ এ বর্ণিত কার্যাবলির আওতায় কাউন্সিল কর্তৃক প্রদেয় যে কোনো সেবার বিনিময়ে, সরকারের পূর্বানুমোদনক্রমে, সার্ভিস চার্জ নির্ধারণপূর্বক উহা আদায় করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সার্ভিস চার্জ বাবদ আদায়কৃত অর্থ কাউন্সিলের তহবিলে জমা করিতে হইবে।

৪। **কাউন্সিলের তহবিল।**―আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, কাউন্সিলের তহবিলে নিম্নবর্ণিত উৎস হইতে প্রাপ্ত অর্থ ও সার্ভিস চার্জ জমা হইবে, যথা:―

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান ও মঞ্জুরি;

(খ) আইন ও বিধির অধীন কাউন্সিল কর্তৃক প্রদত্ত যে কোনো সেবা বা পরামর্শের বিনিময়ে প্রাপ্ত সার্ভিস চার্জ;

(গ) সরকারের পূর্বানুমোদনক্রমে, বিদেশি সরকার, উন্নয়ন সহযোগী, দেশি-বিদেশি যে কোনো সংস্থা বা প্রতিষ্ঠান বা আন্তর্জাতিক সংস্থা প্রদত্ত দান বা অনুদান;

(ঘ) কাউন্সিল কর্তৃক স্থাপিত বা উহার অধীন কোনো প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত যে কোনো আয়;

(ঙ) তহবিলে জমাকৃত অর্থ হইতে প্রাপ্ত সুদ বা মুনাফা;

(চ) কাউন্সিলের মালিকানাধীন অস্থাবর বা স্থাবর সম্পত্তি হইতে প্রাপ্ত আয়; এবং

(ছ) কাউন্সিল কর্তৃক অনুমোদিত অন্য যে কোনো খাত হইতে প্রাপ্ত আয়।

৫। **তহবিল পরিচালনা।**―(১) আইনের ধারা ৯ এর উদ্দেশ্য পূরণকল্পে, 'বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল তহবিল' নামে একটি তহবিল গঠিত হইবে।

(২) তহবিলের অর্থ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নামে, তৎকর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকে জমা রাখিতে হইবে।

(৩) কাউন্সিলের সভায় অনুমোদিত পদ্ধতিতে তহবিলের অর্থ উত্তোলন বা লেনদেন করা যাইবে।

(৪) কাউন্সিলের কার্যনির্বাহী পরিচালকের স্বাক্ষরে তহবিলের অর্থ উত্তোলন করা যাইবে।

৬। **তহবিলের অর্থ বিনিয়োগ।**―আইনের ধারা ৯ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে, প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তহবিলের কিছু অংশ কোনো রাষ্ট্রায়ত্ত ব্যাংকে স্থায়ী আমানত বা সঞ্চয়ী হিসাবে রাখা যাইবে বা কোনো লাভজনক সরকারি সিকিউরিটিতে বিনিয়োগ করা যাইবে।

৭। **তহবিলের ব্যয়ের খাত।**—(১) কাউন্সিলের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের উদ্দেশ্যে নিম্নবর্ণিত খাতসমূহে তহবিলের অর্থ ব্যয় করা যাইবে, যথা:—

(ক) কাউন্সিলের কর্মচারীগণের অবসরজনিত ভাতা ও অবসরজনিত সুবিধাদি (এককালীন লামগ্র্যান্ট, আনুতোষিক, উৎসবভাতা, চিকিৎসা ভাতা, বাংলা নববর্ষ ভাতা, ইত্যাদি) প্রদান;

(খ) সরকারি বিধি-বিধান অনুসরণক্রমে কাউন্সিলের কর্মচারিগণের গৃহ নির্মাণ ও অন্যান্য ঋণ প্রদান;

(গ) কাউন্সিলের কর্মচারীগণের গ্রুপ-বীমার প্রিমিয়াম, সাধারণ ভবিষ্য তহবিলের মুনাফা, ইত্যাদি প্রদান;

(ঘ) কাউন্সিলে কর্মরত পরামর্শদাতা ও উপদেষ্টাগণের, যদি থাকে, পারিশ্রমিক এবং প্রযোজ্য ক্ষেত্রে, সম্মানী প্রদান;

(ঙ) কাউন্সিলের সেবা পরিচালনা সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সিস্টেম ক্রয়, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ;

(চ) কাউন্সিলের কার্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যয়;

(ছ) কাউন্সিলের তথ্য-প্রযুক্তি-বিষয়ক গবেষণা, উদ্ভাবন, সমীক্ষা, প্রশিক্ষণ ও কার্যক্রম সম্প্রসারণ;

(জ) কাউন্সিল কর্তৃক গৃহীত কোনো বিশেষ উদ্যোগ বাস্তবায়নের উদ্দেশ্যে কর্মসূচি বা প্রকল্প গ্রহণ;

(ঝ) কাউন্সিলে কর্মরত কর্মচারীগণকে উৎসাহভাতা প্রদান; এবং

(ঞ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত মানদন্ড অনুযায়ী কাউন্সিলে কর্মরত কর্মচারীগণের মধ্যে যাহারা সৃজনশীলতা বা উদ্ভাবন বা কাউন্সিলের উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখিবেন তাহাদেরকে প্রদত্ত এককালীন আর্থিক সুবিধা।

(২) তহবিলের অর্থ ব্যয়ের ক্ষেত্রে উপ-বিধি (১) এর দফা (ক) এর অধীন ভাতা এবং সুবিধাদি প্রদান সংক্রান্ত খাতটি অগ্রাধিকার পাইবে।

(৩) উপ-বিধি (১) এর দফা (ঝ) এর অধীন প্রদেয় বাৎসরিক উৎসাহ ভাতার সংখ্যা হইবে অনধিক ৪ (চার) এবং প্রতিটির পরিমাণ হইবে অনধিক ১ (এক) মাসের মূল বেতনের সমান।

৮। **তহবিল হইতে অর্থ মঞ্জুরি।**—(১) বিধি ৭ এর উপ-বিধি (১) এ উল্লিখিত খাতসমূহে কার্যনির্বাহী পরিচালক বা তৎকর্তৃক মনোনীত কর্মচারী সংশ্লিষ্ট ব্যয়ের অর্থ মঞ্জুরির আদেশ জারি করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন মঞ্জুরিকৃত অর্থ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার বা ব্যাংক চেকের মাধ্যমে প্রদান করিতে হইবে।

৯। **তহবিলের খাতওয়ারী অর্থ ব্যয় অনুমোদন।**—প্রতি অর্থ বৎসর কাউন্সিলের তহবিল হইতে খাতওয়ারী সকল ধরনের আয়, সম্ভাব্য ব্যয়ের পরিমাণ ও বরাদ্দ পৃথকভাবে উল্লেখপূর্বক বাজেট আকারে কাউন্সিলের সভায় উপস্থাপন করিয়া কাউন্সলের অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং কাউন্সিল কর্তৃক উক্তরূপ অনুমোদন সাপেক্ষে তহবিল হইতে অর্থ ব্যয় করা যাইবে।

১০। **তহবিলের অর্থ ব্যয় ও হিসাব সংরক্ষণ পদ্ধতি।**—(১) বিধি ৭ উপ-বিধি (১) এর দফা (ঘ), (ঙ), (চ), (ছ) ও (জ) এ উল্লিখিত বিষয়াদি সংক্রান্ত ব্যয় পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এবং তদধীন প্রণীত বিধি-বিধান অনুসরণক্রমে সম্পন্ন করিতে হইবে।

(২) কার্যনির্বাহী পরিচালকের সার্বিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে তৎকর্তৃক মনোনীত কাউন্সিলের কোনো কর্মচারী তহবিল সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত থাকিবেন এবং তহবিলের যাবতীয় হিসাব ও রেকর্ড সংরক্ষণ করিবেন।

(৩) তহবিলের অর্থের জমা ও খরচের হিসাব সরকারি আর্থিক বিধিবিধান অনুযায়ী বিধি ১২ তে উল্লিখিত ফরমে সংরক্ষণ করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন তহবিল সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মচারী প্রতি অর্থ বৎসর শেষে সরকারি ক্যাশবুক ও ব্যাংক একাউন্টের মধ্যে তহবিলের অর্থের হিসাবের সমন্বয় সাধনের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) বিধি ৭ এর উপ-বিধি (১) এর অধীন কাউন্সিল কর্তৃক অনুমোদিত খাতে অর্থ ব্যয়ের জন্য ব্যয়কৃত অর্থের হিসাব প্রত্যয়নসহ সংশ্লিষ্ট কর্মচারী তহবিল সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মচারী বরাবরে প্রেরণ করিবেন এবং তিনি উহাতে অনুস্বাক্ষর করিবেন।

(৬) তহবিল সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মচারী তহবিলের অর্থ ব্যয়ের বিবরণ বিধি ১২ তে উল্লিখিত ফরমে কার্যনির্বাহী পরিচালকের নিকট দাখিল করিবেন এবং তিনি উহা কাউন্সিলের সভায় উপস্থাপন করিবেন।

(৭) কার্যনির্বাহী পরিচালকের সার্বিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে উপ-বিধি (২) এর অধীন তহবিল সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মচারী তহবিলের অর্থ ব্যয়ের জন্য বিধি ১২ তে উল্লিখিত ফরমে আয়-ব্যয়ের রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১১। **তহবিল নিরীক্ষা।**—(১) আইনের ধারা ১৬ এর বিধান অনুযায়ী তহবিলের আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষা করিতে হইবে।

(২) কাউন্সিল অভ্যন্তরীণ নিরীক্ষক দ্বারা তহবিলের আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষা করিতে পারিবে এবং External অডিট এর ক্ষেত্রে Bangladesh Chartered Accountant Order, 1973 এ বর্ণিত কোনো Chartered Accountant দ্বারা তহবিলের হিসাব নিরীক্ষা করিবে।

১২। **ফরম নির্ধারণ।**—তহবিলের অর্থের জমা ও খরচের হিসাব সরকারি আর্থিক বিধি-বিধান অনুযায়ী প্রচলিত ফরমে সংরক্ষণ করিতে হইবে।

১৩। **অসুবিধা দূরীকরণ।**—এই বিধিমালার বিধানাবলি কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে সরকার, লিখিত আদেশ দ্বারা, উক্ত অসুবিধা নিরসন করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এন এম জিয়াউল আলম** পিএএ
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd